

নববর্ষের প্রেরণায় সকলকে দেশপ্রেম ও জনসেবায় আত্মনিয়োগ করতে হবে

-----প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান সচিব রৌনক জাহান

ঢাকা- ১৫ এপ্রিল

আজ সকাল ১০.০০ টায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কনফারেন্স রুমে মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের নববর্ষের শুভেচ্ছা বিনিময়কালে সচিব রৌনক জাহান বলেন, নববর্ষ বাঙালির অন্যতম উৎসব। সরকার নববর্ষ ভাতা প্রদান করে নববর্ষের আনন্দে নতুন মাত্রা যোগ করেছে উল্লেখ করে তিনি আরো বলেন, নববর্ষের প্রেরণায় সকলকে দেশপ্রেম ও জনসেবার আত্মনিয়োগ করতে হবে। তিনি আরোও বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়েছিল বলেই নববর্ষ আজ এত ব্যাপকতা লাভ করেছে। এছাড়া তিনি সকলকে কর্মক্ষেত্রে আরোও দায়িত্বশীল এবং পরিবেশ দূষণ সম্পর্কে সচেতন হওয়ার আহ্বান জানান।

এর আগে মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ সচিব রৌনক জাহান-কে ফুল দিয়ে নববর্ষের শুভেচ্ছা জানান।

এসময় উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুহ সালাহীন, যুগ্মসচিব মোঃ ফজলুল করিম, যুগ্মসচিব ড. মোজাফফর আহমেদ, যুগ্মসচিব মোঃ যাহিদ হোসেন, যুগ্মসচিব মোঃ জাহাংগীর আলম, যুগ্মসচিব মোঃ মোশাররফ হোসেন, যুগ্মসচিব নাসরীন জাহান, উপসচিব আরিফ আহমদ, উপসচিব আহমদ কবীর, রেহানা ইয়াছমিন, মোঃ শাহীন, রুমানা রহমান শম্পাসহ মন্ত্রণালয়ের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল- 01712-380435

